দৈনিক বাংলা

067

তারিখ ... 24/1/80 ...
পৃষ্ঠা ... ... ... ৪ কলাম 1 ... ...

# মুচিখালি খাল উদ্বোধন

মাগুরা, ২৩শে জানুয়ারী (বাসস)।—সংস্থাপনমন্ত্রী জনাব এম মাজেদুল হক আজ এখান থেকে ৬ মাইল দূরে পুনর্খনন করা মুচিখালী খাল উদ্বোধন করেন। কুমার নদীর তীরে পাওয়ার পাম্প চালু করে নদী থেকে খালে পানি সরবরাহের মাধ্যমে খালটি উদ্বোধন করা হয়। মন্ত্রী পাওয়ার পাম্পের সুইচ টিপে খাল উদ্বোধন করেন।

এ উপলক্ষে প্রদত্ত ভাষণে তিনি জনগণকে আশ্বাস দেন যে দেশের যে কোন স্থানে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে কর্মসূচী বাস্তবায়নে সরকার সম্ভাব্য সব রকম সাহায্য দেবেন।

খুলনা বিভাগে প্রথম ৩ মাইল লম্বা মুচিখালী খাল খনন ৪০ দিনের রেকর্ড সময়ে সমাপ্ত হয়।

খালটি শ্রীপুর ও মাগুরা থানার মধ্য দিয়ে অতিক্রম করেছে। এটিকে গঙ্গা-কপোতাক্ষ প্রকল্পের তেরছাড়ি খালের সাথে সংযুক্ত করা হয়েছে। এই খাল দু হাজার ৭শ একর জমিতে পানি সেচের সহায়ক হবে। ফলে বছরে ৪ লাখ ৩৭ হাজার একশ মন ধান ও ৬৪ হাজার ৫শ মন গম উৎপাদন সম্ভব হবে।